দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 APR 1989
পৃষ্ঠা 2 কলাম 7

28

009

## মাষ্টারস ডিগ্রী পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের মাষ্টারস ডিগ্রীর (সনাতন পদ্ধতি) শেষ পর্বের পরীক্ষার তারিখ নির্ধারণ করা হইয়াছে ২৩শে নভেম্বর, ১৯৮৯। আমরা যাহারা পরীক্ষার্থী তাহারা আশা করিয়াছিলাম পরীক্ষা আরও আগে অনুষ্ঠিত হইবে। পরীক্ষা যত তাড়াতাড়ি শেষ হয় ততই ছাত্র/ছাত্রীদের জন্য মঙ্গল। একদিকে চাকুরীর বয়সের ব্যাপার আছে, অন্যদিকে পরীক্ষা সময়মত শেষ হইলে নিম্নবিত্ত, মধ্যবিত্ত পরিবারের অভিভাবকরাও হাঁফ ছাড়িয়া বাঁচেন। বিশ্ববিদ্যালয়ের সেশন জট কমাইবার জন্য যেখানে কর্তৃপক্ষ চেষ্টা করিতেছেন, সেখানে ১৯৮৬ সালের মাষ্টারস ডিগ্রী (সনাতন পদ্ধতি) শেষ পর্বের পরীক্ষা পিছাইবার কোন সংগত কারণ আমরা দেখিতেছি না। তাই উক্ত পরীক্ষার তারিখ আরও আগাইয়া আনিবার জন্য কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাইতেছি।

—মোহাঃ মোতাহার হোসেন,
অর্থনীতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।